



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর
www.eacei.gov.bd

গ্রাহক নির্দেশিকা

উচ্চ ও মধ্যম চাপের বৈদ্যুতিক স্থাপনা/উপকেন্দ্র চালুর পূর্বে অনুমোদন প্রদান সংক্রান্ত আবেদনের তথ্যসমূহঃ

- আপনার স্থাপনায় নতুন ট্রান্সফরমার/উপকেন্দ্র স্থাপনের পর চালু করার পূর্বে নির্ধারিত আবেদনপত্রে আবেদন করুন। আবেদনপত্র অত্র দপ্তরের পরিদর্শন শাখা হতে সরাসরি অথবা ওয়েব সাইট www.eacei.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
- বৈদ্যুতিক উপকেন্দ্রের আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় ডকুমেন্টস দাখিল করা হলে, আবেদনপত্রে স্বাক্ষরের বাম পার্শ্বের স্থানে সংযুক্তির বিপরীতে ডকুমেন্টসের সংখ্যা উল্লেখ করুন।
- আবেদনপত্রে গ্রাহকের অংশে স্মারক নং, তারিখ, পরিদর্শনের তারিখ, পরিদর্শন কর্মকর্তার নাম, পদবী ও টেলিফোন নম্বর লেখা আছে কিনা তাহা দেখে নিন।
- কোন রকম ডকুমেন্টস ঘাটতি থাকলে, আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে পরিদর্শন কর্মকর্তার নিকট হতে ঘাটতি ছকে তাহা টিক (✓) চিহ্নিত করুন। পরবর্তীতে চিহ্নিত সকল ঘাটতি ডকুমেন্টস ও প্রয়োজনীয় দলিলাদি সহকারে আবেদনপত্র জমা দিন।
- আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় ডকুমেন্টস দাখিল করা হলে বৈদ্যুতিক স্থাপনা/উপকেন্দ্র পরিদর্শনপূর্বক পরিদর্শন কর্মকর্তার প্রতিবেদন সঠিক পাওয়া সাপেক্ষে বাংলাদেশ ব্যাংক অথবা নির্ধারিত সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে নির্ধারিত কোড নং এর বিপরীতে পরিদর্শন ফিসের টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে পরিশোধ করতে হবে। জমাকৃত ট্রেজারী চালানোর মূলকপি অত্র দপ্তরের পরিদর্শন শাখায় দাখিল করা হলে চালান জমার বিষয়টি নিশ্চিত হওয়ার পর ৩(তিন) কার্য দিবসের মধ্যে উপকেন্দ্র চালুর অনুমোদনপত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বৈদ্যুতিক স্থাপনা/উপকেন্দ্র পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা ফিসের হারঃ

চালানোর কোড নম্বর

১

৫

৬

৩

১

০

০

০

০

২

০

১

৭

বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতা	ফি এর পরিমাণ (টাকা)	বৈদ্যুতিক উপকেন্দ্রের ক্ষমতা	ফি এর পরিমাণ (টাকা)
১০০ কেভিএ	৯,৯৩০/-	৮০০ কেভিএ	২৬,৭৩০/-
১৫০ কেভিএ	১১,৮২০/-	১০০০ কেভিএ	২৯,২৫০/-
২০০ কেভিএ	১২,৮৭০/-	১২৫০ কেভিএ	৩৩,৬৬০/-
২৫০ কেভিএ	১৩,৫০০/-	১৫০০ কেভিএ	৩৪,৮৬০/-
৩১৫ কেভিএ	১৫,৮১০/-	১৬০০ কেভিএ	৩৫,৭৬০/-
৪০০ কেভিএ	১৭,৯১০/-	২০০০ কেভিএ	৩৭,৫৬০/-
৫০০ কেভিএ	১৯,৫৯০/-	২৫০০ কেভিএ	৩৯,৯৬০/-
৬৩০ কেভিএ	২৪,১২০/-	৩০০০ কেভিএ	৪১,৭৬০/-
৭৫০ কেভিএ	২৪,৯৬০/-	৪০০০ কেভিএ	৪৪,৭৩০/-

৪০০০ কেভিএ-এর উর্ধ্ব পরিদর্শন ফি বিদ্যুৎ পরিদর্শক কর্তৃক নির্ধারণ করা হবে।

— যথাযথ কর্তৃপক্ষ